

enough  
for  all

## কোভিড-১৯ প্রাদুর্ভাবে মানুষের জন্য আর্থিক সহায়তা

কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে ক্যালগেরবাসীকে আর্থিক  
সংস্থান সম্পর্কে সঠিক তথ্য দেওয়ার জন্য এই পত্রটি ভাইব্রেন্ট  
কমিউনিটিস ক্যালগেরী এবং মোমেন্টাম দ্বারা তৈরি করা হয়েছে।

কানাডা জরুরী অবস্থা সাহায্য এপ্রিল ২০২০ এর শুরুর দিকে কানাডিয়ানদের জন্য সহজলভ্য হবে, এর জন্য কানাডা রেভেনিউ  
এজেন্সিতে একাউন্ট নিবন্ধন করতে হবে বা এই নাম্বারে ফোন করতে হবে: **1-800-622-6232.**

এই সুবিধা ১৬ সপ্তাহ বা ৪ মাসের জন্য \$২০০০ করে প্রতি মাসে দেয়া হবে।

রবার্টা একটি সেলুনে কাজ করে, কিন্তু অতি সম্প্রতি কোভিড-১৯  
এর সামাজিক দুরত্ব বজায় রাখার কারণে চাকুরি থেকে অব্যাহতি  
পেয়েছে। রবার্টা চাকুরি বীমার জন্য আবেদন করেছে, কিন্তু দেখতে  
পেল সে বীমা পাবার অনুপযুক্ত। রবার্টা অবশ্যই জরুরী অবস্থা  
সাহায্যের জন্য আবেদন করবে।

এরিন স্বতন্ত্র ঠিকাদার হিসেবে কাজ করত, কিন্তু  
এখন শিশু পরিচর্যা কেন্দ্র বন্ধ, তাই তাকে কাজ  
ছেড়ে দিয়ে বাসায় তার বাচ্চাদের দেখভাল  
করতে হচ্ছে। এরিন চাকুরি বীমার অনুপযুক্ত। সে  
অবশ্যই জরুরী অবস্থা সাহায্যের আবেদন করবে।

### জরুরী বিচ্ছিন্নকরন সহায়তা সুবিধা

আলবার্টা স্বাস্থ্য বিভাগ টিম কে স্ব-বিচ্ছিন্ন হতে বলেছে, যেহেতু তার কোভিড-১৯ এর উপসর্গ  
আছে। টিম নির্মাণ শ্রমিক হিসেবে ক্যাশে কাজ করতো এবং পাট টাইম উবার চালাতো। সে চাকুরী  
বীমা পেতে উপযুক্ত নাটিম আলবার্টা সরকারের প্রস্তাবিত জরুরী বিচ্ছিন্নকরণ সহায়তার জন্য  
আবেদন করতে পারে। কেন্দ্রীয় সরকারের সুবিধা শুরু হবার পূর্বে শুন্যবর্তী সময়ে সে এককালীন  
\$১১৪৬ পাবে। যদি সে আরোও অসুস্থ থাকে বা আরোগ্য হতে থাকে তখন যদি তার আর্থিক  
সহায়তা শেষ হয়ে যায়, তখন সে কানাডা সরকারের জরুরী সহায়তার জন্য আবেদন করতে পারে।

### নিয়মিত চাকুরী বীমা পাওয়া যাবে যোগ্যতাসম্পন্নদের জন্য

জর্জ একটি অলাভজনক সংস্থায় খন্ডকালীন চাকুরী করে, গত একবছরে সে প্রয়োজনীয় ৬৩০ ঘন্টা কাজ করেছে ( প্রতি সপ্তাহে  
১৫ ঘন্টা), তাই সে চাকুরী বীমা পাওয়ার উপযুক্ত। জর্জকে সাময়িকভাবে চাকুরী থেকে অব্যাহতি দেয়া হয়েছে এবং তার নিয়মিত  
চাকুরী বীমাতে আবেদন করা উচিত। জর্জ অবশ্যই তার চাকুরীদাতাকে চাকুরীনথি দিতে বলবে, তারপর সে অনলাইনে আবেদন  
করতে পারে বা ফোন করতে পারে: **1-800-622-6232.** জর্জ তার সাপ্তাহিক বেতনের ৫৫% বা \$৫৭৩ পেতে পারে প্রতি  
সপ্তাহে, যেটা সবচেয়ে কম আসে।

### জরুরী বিচ্ছিন্নকরণ সহায়তা

আলবার্টা সরকার চাকুরীরত আলবার্টাবাসী দের সাময়িক আর্থিক সহায়তা দিচ্ছে, যারা প্রকাশিত বিচ্ছিন্নকরন মানদন্ড মেনে নিজেদের বিচ্ছিন্ন করেছে।  
এটা তাদের জন্যেও প্রযোজ্য যারা বাচ্চার বা বয়স্ক পোষ্যের জন্য জনস্বাস্থ্য নীতিমালা মেনে নিজেকে অবশ্যই বিচ্ছিন্ন করে রেখেছে এবং এই সময়ে  
তাদের কোনো আয়ের উৎস নাই। কেন্দ্রীয় সরকারের সুবিধা এপ্রিলে শুরু হবার পূর্বে শুন্যবর্তী সময়ে সে এককালীন \$১১৪৬ পাবে। এই কার্যক্রমটিতে  
একটি খুবই সাধারণ অনলাইন আবেদন করা যাবে - <https://emergencyisolationssupport.alberta.ca/> যদি কোনোটাই আপনার জন্য প্রযোজ্য  
না হয়, তবে মোমেন্টাম এর ব্লগ পেজটি আরোও আর্থিক সহায়তা বিষয়ক তথ্যের জন্য দেখুন- <https://momentum.org/financial-supports-for-people-impacted-by-covid-19/>

enough  
for  all

 momentum  
Learn › Earn › Save › THRIVE

 United Way  
Calgary and Area

Calgary 